দৈনিক ইনকিলাব

তারিখ 19 AUG 1986
পৃষ্ঠা 5 কলাম 3

014

# শিক্ষাঙ্গনে

## উচ্চ মাধ্যমিক শিক্ষায় প্রয়োজন

আমাদের শিক্ষা জগতের তৃতীয় স্তর হল উচ্চ মাধ্যমিক শিক্ষা। আমাদের উচ্চ মাধ্যমিক স্তরে যে সকল পাঠ্য পুস্তক পড়ানো হয়, তাতে ইসলামী শিক্ষার গুরুত্ব একেবারে কম। সেই হেতু উচ্চ মাধ্যমিক স্তরে কিছু ইসলাম বিষয়ক বিষয় বাধ্যর্তামূলক করা দরকার। কারণ আমরা মুসলমান, আমাদের ইসলামী শিক্ষার যথেষ্ট প্রয়োজন আছে। নিম্নলিখিত বিষয়গুলি সংযোজন করা খুবই প্রয়োজনঃ

(১) আরবী সাহিত্য ও ভাষাঃ উচ্চ মাধ্যমিক স্তরে আরবী সাহিত্য ও ভাষা সম্পর্কে সাধারণভাবে জ্ঞান দান করতে হবে। এতে যেন তারা আরবী ভাষা সাধারণভাবে পড়তে ও বুঝতে পারে। স্নাতক পর্যায়ে এমনভাবে শিক্ষা দেয়া হবে যেন তারা নিজেরাই

(২) কোরআনঃ উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্রদেরকে পবিত্র কোরআন বুঝতে পারে এমন শিক্ষা প্রদান করতে হবে। নিজে নিজে আয়াত অনুবাদ করা ও বুঝে নিজেকে সম্পূর্ণ ইসলামী ব্যবস্থায় ফিরিয়ে আনার জন্য এই স্তরের পাঠ্যসূচী থাকবে। বি এ বা স্নাতক ক্লাসে মূল কোরআন শিক্ষা দিতে হবে। আর এ-স্তরের শিক্ষা পদ্ধতি হবে এমন যাতে শিক্ষার্থী নিজেই কোরআন পড়তে, বুঝতে ও ব্যাখ্যা করতে পারে।

(৩) ইসলামী শিক্ষাঃ ভূগোল, ইসলামী অর্থনীতি, ইসলালমী ইতিহাস ইত্যাদি জাতীয় ইসলামী শিক্ষা উচ্চ মাধ্যমিক স্তরে পূর্ণভাবে সংযোজন করে ছাত্রদের ইসলামী আদর্শে লেনদেন, দেশকে জানা, রাজনীতি, আরবী সাহিত্য ও ভাষা পড়তে, বুঝতে পারে। ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা, আর এ ব্যবস্থা বাস্তবায়ন করতে হলে পুরোপুরি আরবী ভাষা জানা দরকার।

আখলাক চরিত্র গঠন ইত্যাদিতে উদ্যোগী হওয়া।

এ ছাড়াও সাধারণ বাধ্যতামূলক বিষয়গুলো ছাড়াও ইসলামী বিষয়কে বন্টন করে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় ছড়িয়ে দিয়ে প্রকৃত ইসলামী জ্ঞান আহরণে ছাত্রদের সহযোগিতা করা দরকার। ইসলামী আকিদা বিশ্বাস থেকে শুরু করে উপাসনা, চরিত্র সামাজিকতা, শিক্ষা, সভ্যতা, সংস্কৃতি অর্থনীতি, রাজনীতি পর্যন্ত ইসলামী শিক্ষা ব্যবস্থার যাবতীয় দিক যুক্তি সহকারে বর্ণনা করে প্রত্যেক শিক্ষিত যুবককে ইসলাম তথা কোরআন হাদিসকে বুঝতে পারে এবং পরবর্তী জীবন, কর্মময় জীবনে ইসলামী ভাবধারা, মূল্যবোধ এবং ইসলামের মূলনীতি ও নিয়মকে প্রকৃতভাবে ইসলামের দৃষ্টিতে কাজে লাগাতে পারে।

—শামীম আজাদ (আনোয়ার)
দরগা রোড. ত্রিশাল
ময়মনসিংহ